

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 19-11-24

Time : 7.50 PM

বিশেষ বিশেষ খবর –

১/ হিংসা এবং দুর্নীতির বিষ থেকে রাজ্যকে মুক্ত করতে তিনি নিরন্তর প্রয়াস চালিয়ে যাবেন বলে রাজ্যপাল জানিয়েছেন। #পশ্চিমবঙ্গের রাজ্যপাল পদে দু'বছর পূর্তি উপলক্ষ্যে সিভি আনন্দ বোস আজ রাজভবনে এক সাংবাদিক বৈঠক করেন।

২/ RG Kar-এর পর এবার উত্তরবঙ্গ মেডিকেল কলেজে থ্রেট কালচারে অভিযুক্ত সাত পড়ুয়ার সাসপেনশনের ওপর এবার কলকাতা হাইকোর্ট স্হগিতাদেশ দিয়েছে।

৩/ 'জাতীয় পরিবেশ আদালতে'র আদেশ অনুসারে পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন মন্দারমণিতে রিসর্ট, হোটেল ভেঙে ফেলার নির্দেশ দিলেও সেখানে কোন বুলডোজার চলবে না বলে রাজ্য প্রশাসন স্পষ্ট জানিয়েছে।

৪/ গোয়ায় আগামীকাল ৫৫-তম ভারতীয় চলচ্চিত্র উৎসবে এ রাজ্য থেকে নির্বাচিত হয়েছে তিনটি ছবি।

৫/ সৈয়দ মুস্তাক আলি ট্রফি T-20 ক্রিকেটে সুদীপ ঘরামি বাংলা দলের নেতৃত্ব দেবেন।

হিংসা এবং দুর্নীতির বিষ থেকে রাজ্যকে মুক্ত করতে তিনি নিরন্তর প্রয়াস চালিয়ে যাবেন বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস জানিয়েছেন। পশ্চিমবঙ্গের রাজ্যপাল পদে দু'বছর পূর্তি উপলক্ষ্যে সিভি আনন্দ বোস আজ রাজভবনে এক সাংবাদিক বৈঠক করেন। এই দু'বছরে রাজ্যের সার্বিক উন্নয়নে রাজভবন গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন তিনি। রাজ্যপাল আরও বলেন, রাজনৈতিক হিংসা এবং সমাজের একাংশের দুর্নীতি এ রাজ্যের সব থেকে বড় সামাজিক সমস্যা। তবে দুর্ভাগ্যজনকভাবে রাজ্য সরকারের ক্ষেত্রে যে ভূমিকা নেওয়া উচিত ছিল তা নেওয়া হচ্ছে না। পুলিশের একাংশ রাজনৈতিক পক্ষপাতদুষ্ট এবং দুর্নীতিগ্রস্ত বলেও তিনি অভিযোগ করেন। মুর্শিদাবাদ সহ রাজ্যের বিভিন্ন এলাকায় চলা সাম্প্রতিক গোষ্ঠী সংঘর্ষ ও তার জেরে হিংসা নিয়েও রাজ্যপাল উদ্বেগ প্রকাশ করেন। বেশিরভাগ সময়ই এধরনের ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েও তিনি তা পাননি বলে ক্ষোভ প্রকাশ করেন রাজ্যপাল।

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের ঘটনা নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রককে তিনি রিপোর্ট দিয়েছেন বলে বিজেপি রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। নতুন দিল্লি থেকে আজ সন্ধ্যায় কলকাতায় ফিরে দমদম বিমান বন্দরে তিনি সাংবাদিকদের বলেন, রাজ্যপালের আগেই এই নিয়ে রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করা উচিত ছিল। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও বেলডাঙ্গার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছেন।

RG Kar-এর পর এবার উত্তরবঙ্গ মেডিকেল কলেজে থ্রেট কালচারে অভিযুক্ত সাত পড়ুয়ার সাসপেনশনের ওপর এবার কলকাতা হাইকোর্ট স্হগিতাদেশ দিয়েছে। আজ এই নির্দেশ দেওয়ায় আগামীকাল থেকে ওই সাতজন ক্লাস করতে পারবেন। বসতে পারবেন পরীক্ষাতেও। মামলাকারীদের পক্ষে আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন-

এদিকে, RG Kar হাসপাতালে চিকিৎসক তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় শিয়ালদা আদালতে আজ'ও বিচার প্রক্রিয়া চলেছে।

গত ১১-ই নভেম্বর এই মামলার বিচার প্রক্রিয়া শুরু হয়েছে। শুনানি চলছে রোজই।

‘জাতীয় পরিবেশ আদালত’র আদেশে পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন মন্দারমণি ও সংলগ্ন সমুদ্র সৈকতে গড়ে ওঠা রিসর্ট, হোটেলগুলি ভেঙে ফেলার নির্দেশ দিলেও সেখানে কোন বুলডোজার চলবে না বলে রাজ্য প্রশাসন স্পষ্ট জানিয়েছে। নবান্ন সূত্রে জানা গেছে, মুখ্যসচিব মনোজ পন্থ-এর সঙ্গে কোনরকম আলোচনা না করেই জেলা প্রশাসন এই নির্দেশ দেওয়ায়, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অসন্তুষ্ট। একতরফাভাবে জেলা প্রশাসন কিভাবে এই সিদ্ধান্ত নিল, তা নিয়ে ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে জেলা প্রশাসনকে সেই সিদ্ধান্ত প্রত্যাহার করতে বলেছেন মমতা।

উল্লেখ্য, উপকূল আইন ভেঙে মন্দারমণিতে সমুদ্র সৈকতে হোটেল, রিসর্ট গড়ে ওঠা সংক্রান্ত এক মামলার প্রেক্ষিতে জাতীয় পরিবেশ আদালত ১৪০টি হোটেল, রিসর্ট, হোম-স্টে ভেঙে ফেলার নির্দেশ দেয়। জেলা প্রশাসন, ইতমধ্যেই ৩০ টি হোটেল চিহ্নিত'ও করেছে। প্রশাসনের এই সিদ্ধান্তে বিপাকে পড়েন স্থানীয় ব্যবসায়ীরা। হাইকোর্টের দারস্থ হন তারা।

আবাস প্রকল্পে চূড়ান্ত তালিকা তৈরি করে টাকা ছাড়ার নির্ধারিত সময়সীমা কিছুটা বাড়ানো হল। এর আগে বিশেষ ডিসেম্বর সেই সময়সীমা শেষ হবার কথা ছিল। এখন তা তিনদিন বাড়িয়ে ২৩ ডিসেম্বরের মধ্যে টাকা ছাড়ার জন্য তৈরি থাকতে জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, আবাস প্রকল্পের সমীক্ষার কাজ ১৪ নভেম্বর শেষ করার কথা ছিল। সে জায়গায় তা শেষ হয়েছে গতকাল ১৮ নভেম্বর। ফলে সম্পূর্ণ প্রক্রিয়াই কিছুটা পিছিয়ে গিয়েছে। তাই জেলা প্রশাসনকে টাকা দেওয়ার ক্ষেত্রে আরও তিনদিন সময় দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

আমদানি বাড়তে শুরু করায় খুচরো বাজারে পেঁয়াজের দাম আগামী কয়েকদিনের মধ্যেই কমবে বলে রাজ্য সরকার নিযুক্ত টাস্ক ফোর্স আশ্বাস দিয়েছে। একই সঙ্গে আলু ও শীতের সব্জির যোগান বাড়তে শুরু করায়, সেগুলির দাম'ও নিয়ন্ত্রণে আসবে বলে আশা করা হচ্ছে। টাস্ক ফোর্সের সদস্যরা আজ মানিকতলা, বাগমারি এবং গুরুদাসপুর- কলকাতার এই তিনটি বাজার পরিদর্শন করেন। কথা বলেন সেখানেকার ব্যবসায়ী ও সাধারণ ক্রেতাদের সঙ্গেও।

টাস্ক ফোর্সের অন্যতম সদস্য রবীন্দ্রনাথ কোলে বলেন, আগামী তিন-চার দিনের মধ্যে সব বাজারেই কম দামে পেঁয়াজ ঢুকবে। অনেক বাজারেই এখনও নতুন আলু আসেনি। ফলে ব্যবসায়ীরা ৩০-৩২ টাকা কেজি দরে আলু কিনছেন। কিছু দিনের মধ্যেই পরিস্থিতি পাল্টাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার সহ তিন জেলায় বাগিচা শ্রমিকদের ভবিষ্যনিধি বকেয়ার পরিমাণ ২০ কোটি টাকার বেশি বলে শ্রম দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই কারণে ২১ জন চা বাগান মালিকের বিরুদ্ধে FIR দায়ের করা হয়েছে। এই তিন জেলায় পিএফ খাতে মোট ৪১ কোটি টাকা বকেয়া থাকায় ২৫ টি পিএফ অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করা হয়েছে। ২৭ জনের বিরুদ্ধে দায়ের হয়েছে এফআইআর।

চা বাগানের শ্রমিকদের বকেয়া প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়ে আলিপুর দুয়ারের সাংসদ মনোজ টিঙ্কা আজ জলপাইগুড়িতে PF কমিশনারের সঙ্গে এক বৈঠক করেন। দিনবাজারের ভবিষ্যনিধি ভবনে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, বহু চা বাগানের মালিক, শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডে জমা রাখার জন্য ১২ শতাংশ টাকা কেটে নিলেও শ্রমিকদের আকাউন্টে জমা দেয়নি। এই নিয়ে ক্ষোভ প্রকাশ করে কোন্ মালিক কত টাকা জমা দেননি, PF কমিশনারের কাছে সেই তালিকাও চান। এই বিষয়ে উপযুক্ত পদক্ষেপ নেওয়া হবে বলে জানান তিনি।

বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্যে দিয়ে গোয়ায় আগামীকাল ৫৫-তম ভারতীয় চলচ্চিত্র উৎসব ইফি-র সূচনা হচ্ছে। চলবে এমাসের ২৮ তারিখ পর্যন্ত। এবারের উৎসবে ৮১-টি দেশের ১৮০ টি ছবি দেখানো হবে। ইফি-র ফোকাস কান্ট্রি - অস্ট্রেলিয়া।

এবারের চলচ্চিত্র উৎসবে বাংলা থেকে নির্বাচিত হয়েছে তিনটি ছবি। দুই তরুণ পরিচালক সৌকর্য ঘোষালের ভুতপরী ও সৌরভ পালোধীর ‘অংক কি কঠিন’ ছবি দুটি প্রতিযোগিতা বিভাগে এবং ইন্ডিয়ান প্যানোরামাতে দেখানো হবে ‘আমার বস’ ছবিটি।

ইন্ডিয়ান প্যানোরামা বিভাগের জুরি, বিশিষ্ট সমালোচক ও সাংবাদিক রত্নতমা সেনগুপ্ত আকাশবাণীকে জানানেন, উৎসব সংগঠনের ক্ষেত্রে বেসরকারি সংস্থাগুলিকে এবার বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছে, এটা একটা ইতিবাচক দিক।

প্রবাদপ্রতিম সঙ্গীতকার সলিল চৌধুরীর আজ শততম জন্মদিন। নানা অনুষ্ঠানে আজ তাঁকে স্মরণ করা হচ্ছে। কলকাতার জি ডি বিড়লা সভাঘরে আজ এই উপলক্ষ্যে এক সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছে। জলপাইগুড়ির সেন্ট্রাল ব্যাঙ্কে এই উপলক্ষ্যে এক সাংস্কৃতিক অনুষ্ঠানে সলিল চৌধুরীর গানে গানে-ই তাঁকে স্মরণ করা হচ্ছে।

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ১০৮-তম জন্মদিনটি আজ যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে।

প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবনে, মহিলা কংগ্রেসের উদ্যোগে ‘বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে ইন্দিরা গান্ধীর প্রাসঙ্গিকতা’- শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। চৌরঙ্গী, প্রিয়দর্শিনী ইন্দিরা গান্ধী মেমোরিয়াল ফাউন্ডেশন ও কলকাতা পুরসভা যৌথভাবে আজকের দিনটি পালন করে। ময়দানে বিড়লা তারামন্ডলের বিপরীতে শ্রীমতী গান্ধীর মূর্তির পাদদেশে আয়োজিত অনুষ্ঠানে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম।

পশ্চিম বর্ধমান জেলা কংগ্রেসের পক্ষ থেকে দুর্গাপুরের কনিষ্ক এলাকায় আজ এক অনুষ্ঠানে ইন্দিরা গান্ধীর মূর্তিতে মালাদান করে শ্রদ্ধা জানানো হয়।

হৃদরোগে আক্রান্ত হয়ে অভিনেত্রী তথা তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সাংসদ মুনমুন সেনের স্বামী ভরত দেববর্মার প্রয়ানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গভীর শোক প্রকাশ করেছেন। তার প্রয়ানের খবর পেয়ে মুখ্যমন্ত্রী আজ অভিনেত্রীর বাড়িতে যান। দিল্লিতে থাকা মুনমুন মেয়ে রাইমা কলকাতায় নামলেই গ্রীন করিডরে তাদের এনে প্রয়াত স্বামীর শেষকৃত্যের ব্যবস্থা করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

কোচবিহারের তুফানগঞ্জের বারো কোদালি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের ভেড়িজেলাস এলাকায় চোলাই মদ খেয়ে এক ইটভাটার শ্রমিকের মৃত্যু হয়েছে। আরো একজন গুরুতর অসুস্থ। বছর ৫৫-র মৃত শ্রমিকের নাম চক্রধর মাস্তা। অসুস্থ বছর ২৬-এর চিরঞ্জিত বর্মনের চিকিৎসা চলেছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ওই ইটভাটার বেশ কয়েকজন শ্রমিক কাজের পর একসঙ্গে বসে বেআইনী চোলাই মদ পান করছিলেন। সেইসময় চক্রধর ও চিরঞ্জিত নিজেদের মধ্যে বাজি রেখে মদ্য পান করতে থাকেন। অতিরিক্ত পানের ফলেই এই ঘটনা ঘটে।

আজ বিশ্ব শৌচাগার দিবস। এই উপলক্ষে বিভিন্ন জেলায় বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

জলপাইগুড়ি মেডিক্যাল কলেজের MSVP কল্যাণ খান, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক অসীম হালদার দিনটির গুরুত্ব সম্পর্কে জনসাধারণকে সচেতন করেন।

নদিয়ার করিমপুরের পিপুলবেড়িয়ায় এই উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আসন্ন সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি - টোয়েন্টি ক্রিকেটে সুদীপ ঘরামি বাংলা দলের নেতৃত্ব দেবেন। দলে আছেন মহম্মদ শামি, অভিষেক পোড়েল, সুদীপ চ্যাটার্জী, মহম্মদ কাইফ, শাহবাজ আহমেদ, ঋত্বিক চ্যাটার্জী প্রমুখ।

আগামী শনিবার রাজকোটে বাংলা প্রথম ম্যাচে পাঞ্জাবের মুখোমুখি হবে।
